



"প্রযুক্তি ও মমতায়, কল্যাণ ও  
সমতায়, আস্থা আজ  
সমাজসেবায়"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
ফুলতলা, খুলনা।  
www.dss.phultala.khulna.gov.bd



নম্বর: ৪১.০১.৪৭৬৯.০০০.০০০.১৬.০০০২.২৫.৩৯

তারিখ: ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয়: উপকারভোগীর নিজ NID-এর অনুকূলে নিবন্ধিত মোবাইল ফোনের এমএফএস একাউন্টে সরকারের ভাতার নগদ আর্থিক সহায়তা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী বয়স্ক ভাতাসহ সকল ধরনের ভাতার টাকা উপকারভোগীর নিজ NID-এর অনুকূলে নিবন্ধিত মোবাইল ফোনের এমএফএস একাউন্টে জি-টু-পি পদ্ধতিতে সরাসরি প্রেরণ করা হবে।

এমতাবস্থায়, যে সকল ভাতাভোগী তাঁদের ভাতার টাকা উপকারভোগীর নিজ NID-এর অনুকূলে নিবন্ধিত মোবাইল ফোনের এমএফএস একাউন্টের পরিবর্তে অন্য কোনো ব্যক্তির NID-এর অনুকূলে নিবন্ধিত মোবাইল ফোনের এমএফএস একাউন্টে টাকা পাচ্ছেন তাঁদেরকে অতি জরুরিভাবে নিজ NID-এর অনুকূলে SIM ক্রয় করে সেই নিবন্ধিত মোবাইল ফোনে এমএফএস হিসাব খুলে সেই হিসাব নম্বরসহ অফিসে উপস্থিত হয়ে এমএফএস হিসাব নম্বর পরিবর্তন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, নিজ NID-এর অনুকূলে ক্রয়কৃত SIM-এ নিম্নোক্ত এমএফএস প্রতিষ্ঠানের যেকোনো একটিতে এমএফএস হিসাব খোলা যাবে।

এমএফএফ প্রতিষ্ঠানের তালিকা (বাংলা আদ্যক্ষর অনুযায়ী):

- ১। উপায়
- ২। এমক্যাশ
- ৩। নগদ
- ৪। বিকাশ
- ৫। রকেট

### বিশেষ দৃষ্টব্য:

- ১। অনূর্ধ্ব ১৮ (আঠার) বছর বয়সের প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তির ক্ষেত্রে এই নির্দেশনা শিথিলযোগ্য।
- ২। এছাড়া উপকারভোগীদের মাঝে যাদের হাতের আঙ্গুল নেই এমন প্রতিবন্ধী ব্যক্তি এবং আঙ্গুলের ছাপ কাজ করে না এমন বয়োবৃদ্ধ ব্যক্তিদের ক্ষেত্রেও এ নির্দেশনা শিথিলযোগ্য। তবে এমন ব্যক্তিদেরকে প্রমাণসহ লিখিত আবেদন দিতে হবে।

০২-০২-২০২৬

মো: ফরোজশাহ  
উপজেলা সমাজসেবা অফিসার  
ফোন : ০১৭০৮৪১৪৯৬৫  
ইমেইল : usso.phultala@dss.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

- ১। পরিচালক (উপসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।
- ২। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলতলা, খুলনা।
- ৪। চেয়ারম্যান, ..... ইউনিয়ন, ফুলতলা, খুলনা।
- ৫। ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলতলা, খুলনা।
- ৬। ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলতলা, খুলনা এবং
- ৭। সদস্য ও সংরক্ষিত সদস্য (সকল), ..... ইউনিয়ন, ফুলতলা, খুলনা।

